



স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০৭.০২২.২২.৭৭৫৩

তারিখ :- ১০/১২/২০২২খ্রিঃ।

দরপত্র বিজ্ঞপ্তি

- ০১৥ মুঙ্গীগঞ্জ পবিস এর তালিকাভুক্ত স্থায়ী পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান এর নিকট হতে ১০০-৪১ নীতিমালা এর আওতায় ৫.০০ কিঃ মিঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।
- ০২৥ দরপত্রের বিবরণ :


ক্রঃ নং	দরপত্র দলিলের (প্যাকেজ) নং	লট নং	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য (টাকা)	আর্নেস্ট মানির পরিমাণ (টাকা)	কাজের মেয়াদ	দরপত্র দলিলের বিক্রয় মূল্য (অফেরৎ যোগ্য)
০১	W-22.23.60.09	W-22.23.60.09.005	১০০-৪১ আওতায় লাইন রক্ষণাবেক্ষণ	৫,০০,০০০.০০	১৫,০০০.০০	৬০ দিন	১,০০০/-

- ০৩৥ দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ শাখা থেকে ১১/১২/২০২২ ইং হতে ২৪/১২/২০২২ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ১,০০০/- টাকা নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।
- ০৪৥ পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সমদরে অথবা সর্বোচ্চ ৫% নিম্ন দরে দাখিল করা যাবে।
- ০৫৥ প্রতিটি দরপত্র দাখিলের সময়ে বর্ণিত আর্নেস্ট মানি মুঙ্গীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক (বাপবিবো কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্টমানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।
- ০৬৥ দরপত্র সমূহ আগামী ২৬/১২/২০২২ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসের প্রশাসন বিভাগে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে।
- ০৭৥ উক্ত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উক্ত বলে বিবেচিত হবে। পৃথক ভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৮৥ প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানে অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যানসহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।
- ০৯৥ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিসের দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) লটারীর মাধ্যমে ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করবেন।
- ১০৥ সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের (ক্রোজ-আউটসহ) পর প্রয়োজনীয় সকল দলিলাদিসহ বিল দাখিল করতে হবে। প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেমেন্ট পেমেন্টের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১১৥ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ১২৥ শুধুমাত্র ২০২২-২০২৩ অর্থ বৎসরের জন্য স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা নবায়নের জন্য আবেদনকারী মিনিঠিকাদারগণ দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।
- ১৩৥ ২০২২-২০২৩ অর্থ বৎসরের স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা নবায়ন করা না হলে কার্যাদেশ প্রদান করা হবে না। সর্বনিম্ন দরদাতা হলেও কার্যাদেশ প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবে না।
- ১৪৥ কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(শেখ মোহাম্মদ আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

- ০১৥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (দক্ষিণ), বাপবিবো, ঢাকা।
- ০২৥ নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মুঙ্গীগঞ্জ।
- ০৩৥ ডিজিএম, (টঙ্গীবাড়ী/সিরাজদিখান/মুঙ্গীগঞ্জ/শ্রীনগর/লৌহজং) জোনাল অফিস, মুঙ্গীগঞ্জ পবিস।
- ০৪৥ এজিএম (সাঃ সেবা/সঃ সেবা/অর্থ-হিসাব) মুঙ্গীগঞ্জ পবিস।
- ০৫৥ মেসার্স.....(অবগতি ও অংশগ্রহনের অনুরোধসহ)।
- ০৬৥ নোটিশ বোর্ড/অফিস কপি/মাষ্টার কপি।


(শেখ মোহাম্মদ আলী)
জেনারেল ম্যানেজার